প্রথম আলো

তারিখ ...
পৃষ্ঠা ০২ কলাম ৪

সংবাদ সম্মেলনে রাবি ভিসি

# কোনো রকম হুমকিতে পদত্যাগ করব না

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর সাইদুর রহমান খান বলেছেন, কোনো চাপ ও হুমকির মুখে তিনি পদত্যাগ করবেন না। যতক্ষণ তিনি দায়িত্বে থাকবেন ততক্ষণ শুধু 'রুটিন ওয়ার্ক' নয়, নিয়মতান্ত্রিকভাবে সব কাজই করবেন। কেবলমাত্র চ্যান্সেলরের নির্দেশেই তিনি

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৮

# রাবির উপাচার্য

শেষ পৃষ্ঠার পর

দায়িত্ব ছেড়ে দেবেন।

গতকাল বৃহস্পতিবার তার বাসভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। ছাত্রদল ও ছাত্রশিবিরের চাপের মুখে তিন দফা সিন্ডিকেট সভা না হওয়ায় গতকাল এ সম্মেলনের আয়োজন করা হয়।

উপাচার্য বলেন, গত তিন বছরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ব্যাপক উন্নয়ন হয়েছে, উন্নয়ন কাজ এখনো চলছে। এ বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ক্রীড়া ও সংস্কৃতি ক্ষেত্রে ব্যাপক সাফল্য অর্জন করেছে। কিন্তু অত্যন্ত দুঃখজনক, ১ অক্টোবর জাতীয় নির্বাচনের পর থেকে এ বিশ্ববিদ্যালয়ে এক অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির চেষ্টা চলছে।

তিনি বলেন, ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতা-কর্মীরা বিনা কারণে সিন্ডিকেট সভা হতে দিচ্ছে না। ফলে বিশ্ববিদ্যালয়ের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা যাচ্ছে না।